

# সাথে আছি স্মরণে - বরণে - উন্নয়নে বৌদ্ধ যুব সম্মেলন' ২০২১

সুধীবন্দ,

আপনাদের সবাইকে ইংরেজি নতুন বছরের আন্তরিক ভালবাসা ও শুভেচ্ছা জানাচ্ছি। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে গত বছর ৮ ও ৯ ই ফেব্রুয়ারী ২০২০ তারিখে, শান্তিনিকেতনে, বৌদ্ধ ধর্মাঙ্কুর সভার সাধারণ সম্পাদক কর্মবীর ভদন্ত বোধিপাল ভিক্ষু ও বৌদ্ধ ধর্মাঙ্কুর সভার গভর্নিং কমিটির সদস্য অসাংবাদিক বৌদ্ধ জননেতা অভিজিৎ চৌধুরীর উদ্যোগে 'নতুন প্রজন্ম, নতুন দিগন্ত, নতুন পথের সন্ধানের' দিশা নিয়ে 'বৌদ্ধ যুব উৎসব ২০২০' উদযাপিত করেছিলেন।

কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় গত ইংরেজি ২৭শে জুলাই ২০২০ তারিখে 'কোভিড ১৯' করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে কর্মবীর বোধিপাল ভিক্ষু মুকুন্দপুর হাসপাতালে প্রয়াত হন। ওনার আকস্মিত মৃত্যুতে আমরা স্তম্ভিত, মর্মান্বিত ও শোকাহত। ওনার ঐকান্তিক প্রচেষ্টায় কর্মযোগী কৃপাশরন মহাস্থবিরের অনুপ্রেরণায় এই 'বৌদ্ধ যুব উৎসব ২০' মঞ্চ মধ্য দিয়ে নতুন প্রজন্মের যুবক-যুবতীদের ঐক্য বন্ধ হওয়ার এবং সমগ্র বৌদ্ধ সমাজ ও স্বধর্মকে প্রগতিশীল ভাবনায় উজ্জীবিত করার অনুপ্রেরনা জাগিয়েছেন।

এই ধারাকে এগিয়ে নিয়ে যাবার জন্য এবং প্রতিটি বৌদ্ধ সমিতির সঙ্গে নিবিড় সম্পর্ক গড়ে তোলার জন্য আগামী ২৬শে ফেব্রুয়ারী ২০২১, শুক্রবার বেলা ৩টের সময় আমরা মহেশতলা অঞ্চলে বাটানগর স্পোর্টিং ক্লাব-এ [ বোধিপাল ভিক্ষু মঞ্চ ] 'বৌদ্ধ যুব সম্মেলন ২১' আয়োজন করা হয়েছে। এই সম্মেলনে অংশ গ্রহণ করার জন্য সমস্ত সমিতির উৎসাহী যুবক যুবতীদের সাদর আহ্বান করছি। এই সম্মেলনে উদ্যোক্তারা হলেন শান্তিনিকেতন আশ্বেদকর বুদ্ধিষ্ট ওয়েল ফেয়ার মিশনের প্রধান প্রতিষ্ঠাতা কর্মবীর ভদন্ত বিণয়শ্রী মহাথের, সিদ্ধার্থ ইউনাইটেড স্যোসাল ওয়েলফেয়ার মিশনের প্রধান প্রতিষ্ঠাতা ডঃ বুদ্ধপ্রিয় মহাথের, মাননীয় সদানন্দ বড়ুয়া এবং অসাংবাদিক বৌদ্ধ জননেতা মাননীয় অভিজিৎ চৌধুরী। সমগ্র অনুষ্ঠানের ব্যবস্থাপনার দায়িত্বে রয়েছে রামপুর পাহাড়পুর সম্মিলিত বৌদ্ধ সমিতি, রামপুর, মহেশতলা।